

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা  
প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-দুদক/জনসংযোগ/

তারিখ: ৩০/৩/২০১৬ খ্রি:

বিষয় : দুর্নীতিবিরোধী বিতর্ক ও কার্টুন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

'দেশ প্রেমের শপথ দিন, দুর্নীতিকে বিদায় দিন' এ প্রতিপাদ্যকে সামনে রেখে শুরু হওয়া দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ-২০১৬ এর ৫ম দিনে আজ সকাল ১০.৩০ টায় শিল্পকলা একাডেমীর জাতীয় নাট্যশালা অডিটোরিয়ামে দুর্নীতিবিরোধী বিতর্ক ও কার্টুন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী আসাদুজ্জামান নূর, এমপি ও কমিশনের মাননীয় চেয়ারম্যান ইকবাল মাহমুদ। কমিশনের সচিব আবু মোঃ মোস্তফা কামালের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মাননীয় মন্ত্রী আসাদুজ্জামান নূর বলেন, শুধু অবৈধভাবে অর্থের লেনদেনই দুর্নীতি নয়। দুর্নীতি একটি বহুমাত্রিক বিষয়। সমাজ থেকে দুর্নীতি কমাতে হলে আলোকিত মানুষ গড়তে হবে। তিনি আরও বলেন, উপরের দিকে যারা দুর্নীতি করে বিদেশে টাকা পাচার করেন তারাই দেশের অর্থনৈতিক অগ্রগতির মারাত্মক ক্ষতি করছেন, তাদের বিরুদ্ধে সঠিক তদন্ত করে কঠোর শাস্তি দেওয়া উচিত।

বিশেষ অতিথির বক্তব্যে দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন, আমরা খারাপ কাজ থেকে নিষ্কৃতি চাই। তিনি বলেন সার্বিকভাবে আমার ব্যক্তিগত অভিমত হচ্ছে বিবেক বা নীতির বাইরে যা কিছু করি তাই-ই দুর্নীতি। তিনি বলেন, দুর্নীতি সংঘটিত হওয়ার পর দমন করার চেয়ে-ঘটনা ঘটান আগে প্রতিরোধ করাই কমিশনের সবচেয়ে বড় কাজ। এ প্রসঙ্গে তিনি বলেন দুর্নীতি প্রতিরোধের কাজ শুধু প্রতিরোধ সপ্তাহের ৭ দিনের মধ্যে সীমাবদ্ধ থাকবে না। দুর্নীতি প্রতিরোধের কাজ বছরের ৩৬৫ দিনই করা সমীচীন।

তিনি বলেন দুর্নীতির বিরুদ্ধে রাজনৈতিক অঙ্গীকার রয়েছে-তাই আমরা আশা করি সরকার, সকল রাজনৈতিক দল, সকল শ্রেণী-পেশার মানুষ বিশেষ করে তরুণ প্রজন্মের ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রতিনিধিগণসহ সকলের সহযোগিতায় দুর্নীতি প্রতিরোধে সাফল্য আসতে পারে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিতর্ক সাদিয়া আফরিন হৌমি, কার্টুনিষ্ট শরীফ আহমেদসহ প্রতিযোগিতার মেটর ও বিচারকগণ।

এবারের বিতর্ক প্রতিযোগিতায় উচ্চ মাধ্যমিক পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছেন রাজশাহী কলেজ এবং রানার্স আপ হয়েছে ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল এন্ড কলেজ। মাধ্যমিক পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছেন সরকারি কারোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা এবং রানার্স আপ হয়েছেন এস ভি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ। কার্টুন প্রতিযোগিতায় 'ক' বিভাগে ১ম স্থান অধিকার করেছেন মগবাজার ঢাকার মোঃ শরীফ আহমেদ, ২য় যশোর অভয়নগরের উর্মি আজার ও ৩য় হয়েছেন উকিল পাড়া নেত্রকোনার স্পন্দন বিশ্বাস-তীর্থ। 'খ' বিভাগে প্রথম হয়েছেন মধুবাগ ঢাকার মোঃ হাসান মাহমুদ, দ্বিতীয় উত্তর কাফরুল ঢাকার আশরাফুল ইসলাম ও তৃতীয় গুলশান ঢাকার মোঃ কারিদুল ইসলাম।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনের মহাপরিচালক যথাক্রমে ড. মোঃ শামসুল আরেফিন, ফরিদ আহমেদ জুইয়া, মোঃ সহিদুজ্জামান, বিতর্ক ও কার্টুন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী পুরস্কার বিজয়ী ছাত্র/ছাত্রীবৃন্দ, সংশ্লিষ্ট স্কুল ও কলেজের প্রতিনিধি, বিচারক মন্তনী ও মেটরসহ কমিশনের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

  
৩০/৩/১৬  
(প্রণব কুমার ভট্টাচার্য)  
উপ-পরিচালক ও  
জনসংযোগ কর্মকর্তা